



# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়  
সি এন্ড বি রোড, বরিশাল।

গণমানুষের ব্যাংক

ফোন : ০২-৪৭৮৮৬৪২১৮

ই-মেইল :

gmbarisal@krishibank.org.bd

## বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী(৩০.১২.২০২১)

বিভাগীয় কার্যালয়, বরিশালের গত ২৯.১২.২০২১ খ্রিঃ তারিখের অফিস স্মারক নং-জিএম/বার/প্রশা-৬৬/২০২১-২০২২/১৪৩০(৪) এর মাধ্যমে বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির সভা আহ্বান করা হয়। তার প্রেক্ষিতে, অদ্য ৩০.১২.২০২১ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় নৈতিকতা কমিটির সভা মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্রমিক নং	কমিটির পদবী	নাম ও অফিসিয়াল পদবী	কার্যালয়ের ঠিকানা
০১.	আহ্বায়ক ও সভাপতি	জনাব মোঃ সালাহউদ্দীন রাজীব মহাব্যবস্থাপক(দায়িত্বে)	বিকেবি, বিকা, বরিশাল
০২.	সদস্য	জনাব মোঃ মোহাম্মদ রহমান সহকারী মহাব্যবস্থাপক	
০৩.	সদস্য	জনাব শোয়েব আহমেদ মুখ্য কর্মকর্তা	
০৪.	সদস্য-সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা	জনাব মোহাম্মদ জাহিদ হাসান সহকারী প্রোগ্রামার	

০২। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য সকল শহীদ সদস্যগণকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন।

০৩। সভার কার্যসূচী অনুযায়ী সভায় প্রধান কার্যালয় থেকে প্রেরিত ছক অনুযায়ী অত্র কার্যালয়ের প্রনীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর অগ্রগতি পরিবীক্ষণ করা হয়। অগ্রগতি পরিবীক্ষণ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

১. শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে অগ্রগতি পর্যবেক্ষণ করা হয়। গত ০৪.১২.২০২১ খ্রিঃ তারিখে ১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয় যাতে মোট ৬০ জন প্রশিক্ষণার্থীকে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ফলে ২০০ জনকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার মধ্যে ২য় ত্রৈমাসিক পর্যন্ত সর্বমোট ১৬০ জনকে প্রশিক্ষণ দেয়া সম্পন্ন হয়েছে। আগামী ত্রৈমাসিকে আরো প্রশিক্ষণ আয়োজন করে লক্ষ্যমাত্রা অর্জনের দিকে মহাব্যবস্থাপক মহোদয় আলোকপাত করেন এবং নির্দেশনা প্রদান করেন।


২. মুখ্য আঞ্চলিক কার্যালয়সমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম বেগবান করার লক্ষ্যে পত্রের মাধ্যমে তাগিদ প্রদান করার জন্য মহাব্যবস্থাপক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৩. যথা সময়ে ওয়েবসাইটে শুদ্ধাচার বিষয়ক নথিপত্র আপলোড নিশ্চিত করার জন্য মহাব্যবস্থাপক মহোদয় নির্দেশনা প্রদান করেন।


৪. কর্মপরিবেশ উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।


৫. এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাব্যবস্থাপক মহোদয় নির্দেশনা প্রদান করেন।


০৪। পরিশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
মোহাম্মদ জাহিদ হাসান  
সহকারী প্রোগ্রামার  
সদস্য-সচিব

ও  
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা

  
শোয়েব আহমেদ  
মুখ্য কর্মকর্তা  
সদস্য

  
মোঃ মোহাম্মদ রহমান  
সহকারী মহাব্যবস্থাপক  
সদস্য

  
মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব  
মহাব্যবস্থাপক(দায়িত্বে)  
সভাপতি